

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

খুলনা ডিভিশন, খুলনা।

website- www.nha.gov.bd


স্মারক নং-২৫.৩৮.৪৭২১.৬১৯.৫৭.১৯.-১০৬২

তারিখঃ ১১/০৯/২০১৯ খ্রিঃ

“পুকুর ইজারা(৩য়) বিজ্ঞপ্তি-”

এতদ্বারা প্রকৃত মৎস্য ব্যবসায়ী/আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষের ১৯৯ তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয় ও উন্নয়ন), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার দপ্তর স্মারক নং- ২৫.৩৮.০০০০.৬০১.৩৩.০০১.১৯.২৭৩ তাং-১২/০৬/২০১৯ খ্রিঃ নির্দেশের প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা ডিভিশন এর অধীন ফরিদপুর হাউজিং এষ্টেটে অবস্থিত পুকুর (আয়তন ২৩,৪০০.০০ বর্গফুট প্রায়) ৩ (তিন) বৎসর মেয়াদে ইজারার লক্ষ্যে নির্ধারিত ফরমে সীল মোহরকৃত ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) নগদ মূল্যে (১) নিম্নস্বাক্ষরকারীর অফিস, (২) উপ-বিভাগীয় প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, উপ-বিভাগ, যশোর/ বরিশাল, (৩) জেলা প্রশাসক, ফরিদপুর (৪) পুলিশ সুপার, ফরিদপুর (৫) জেলা মৎস্য অফিসার ফরিদপুর এবং (৬) নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী, সপুরা, রাজশাহী হতে অফিস চলাকালীন সময়ে আগামী-০১/১০/২০১৯ খ্রিঃ পর্যন্ত ক্রয় করা যাবে এবং আগামী-০২/১০/২০১৯ খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকার সময় (১) নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা, (২) বিভাগীয় কমিশনার, খুলনা, (৩) উপ-বিভাগীয় প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, উপ-বিভাগ, যশোর, (৪) জেলা প্রশাসক, ফরিদপুর (৫) পুলিশ সুপার, ফরিদপুর ও (৬) জেলা মৎস্য অফিসার, ফরিদপুর এর দপ্তরে রক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণ করা হবে। দরপত্র আগামী ০৩/১০/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা এর দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। বিস্তারিত তথ্যের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, যশোর এর দপ্তরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। ইজারা দরপত্র ফরম-এ প্রয়োজনীয় শর্তাবলী সন্নিবেশিত থাকবে।

ক্রম নম্বর	পুকুর/লেক এর অবস্থান	ইজারার মেয়াদ	পুকুর এর আয়তন
১।	ফরিদপুর হাউজিং এষ্টেটে অবস্থিত পুকুর	৩ (তিন) বৎসর	২৩,৪০০.০০ বর্গফুট প্রায়


(মোঃ মঈনুল হক মোতাইদ)
নির্বাহী প্রকৌশলী
খুলনা ডিভিশন
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
খুলনা।

☎-০৪১-৭৬১৫২২

e-mail:exennhakhulna@gmail.com